



## ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ বজায় রাখুন ॥ রাষ্ট্রপতি

প্রকাশিত: ০৫ - আগস্ট, ২০১৯ ১২:০০ এ. এম.

জনকণ্ঠ ডেস্ক ॥ রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশের বিশ্ববিদ্যালয়গুলোর ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ, সহ-পাঠক্রমিক কার্যক্রম ও গবেষণা কার্যক্রম নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন। খবর বাসসর।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (এসইউএসটি) ভিসি প্রফেসর ফরিদ উদ্দিন আহমদ ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (সিইউ) ভারপ্রাপ্ত ভিসি প্রফেসর ড. শিরিন আক্তার রবিবার সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাত করতে এলে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। পরে রাষ্ট্রপতির সচিব জয়নাল আবেদিন সাক্ষাত সম্পর্কে সাংবাদিকদের ব্রিফ করেন।

বর্তমান যুগকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগ উল্লেখ করে রাষ্ট্রপতি শিক্ষার্থীদের কেবল শিক্ষা কার্যক্রমে সীমাবদ্ধ না রাখার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতায় টিকে থাকতে গবেষণা কর্মকাণ্ডের ওপর জোর দেন। রাষ্ট্রপতি যে কোন বিশ্ব মানের প্রতিযোগিতায় অংশ নিতে সকল সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়কে অগ্রাধিকার ভিত্তিতে গবেষণা বিষয়ে বিশেষ কর্মসূচী গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি পরামর্শ দেন।

সাক্ষাতের সময় এসইউএসটি উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সার্বিক অবস্থা বিশেষ করে একাডেমিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন এবং ২০১৪-১৫ অর্থ বছরের একটি বার্ষিক প্রতিবেদন রাষ্ট্রপতির কাছে হস্তান্তর করেন। প্রফেসর ফরিদ উদ্দিন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি হামিদকে এসইউএসটি'র আসন্ন সমাবর্তনে প্রধান অতিথি হওয়ার আমন্ত্রণ জানান। রাষ্ট্রপতি তাদের কথা মনোযোগসহকারে শোনে এবং প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। সংশ্লিষ্ট সচিবগণ এ সময় উপস্থিত ছিলেন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All

rights reserved by dailyjanakantha.com